

অব্বাস

১.

কুণ্ডলী পাকিয়ে শুয়ে থাকে সাপ
ওকে মাড়িয়ে যাব সাধ্য কী?
পাশ কাটাব, রাশ টানব —
ভাবি, কিন্তু করা হয়ে ওঠে না
প্রফুল্ল ঘাসজমির নিভূতে
সে শুয়ে থাকে

কুণ্ডলী পাকিয়ে থাকে
ফণা, জিভে বিষ
মনে
শুয়ে থাকে সাপ

২.

যখন দরকার, তখন তুমি নেই।
বলছ, ছেড়ে গেলে সঙ্গে থাকবেই —
ছেড়ে কি যাব তবে? উড়ব ডানা মেলে?
কথার কথা সবই। প্রমাণে গোলমেলে ...
প্রাণুলো ফুল, কথার জমি ঘাস
পাব কি ফিরে সেই হারানো ঝাঁস
হাওয়ারা সরে গেলে ডানার ধাক্কায়
ছুঁড়ব এস এম এস তোমার নোকিয়ায়

পৌলমী সেনগুপ্ত

